

“সভার নোটিশ”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির মাসিক সভা আগামী- ১২ মে ২০২২ খ্রিঃ তারিখ রোজ বৃহঃবার বিকাল ৩.০০ ঘটিকায় মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘা, রাজশাহী ঐর সভাপতিত্বে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

এমতাবস্থায় সংশ্লিষ্ট সকল সম্মানিত সদস্যগণকে নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্য সূচিঃ

- ১। গত মাসিক সভার কার্যবিবরণী অনুমোদন।
- ২। বিভাগীয় কার্যক্রম মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন।
- ৩। গৃহীত সকল সিদ্ধান্তের অগ্রগতির আলোচনা।

স্বাঃ/-

(নাসরিন সুরতানা)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

বাঘা, রাজশাহী

ও

সদস্য সচিব

মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি


স্মারক নং-০৫.৪৩.৮১১০.০০০.১৩.০০৩.২২-৫১ (৭)

তারিখঃ-১২/০৫/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘা, রাজশাহী।
- ২। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ, বাঘা, রাজশাহী।
- ৩। উপজেলা,.....বাঘা, রাজশাহী।
- ৪। জনাব.....।
- ৫। অফিস নথি।



(নাসরিন সুরতানা)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

বাঘা, রাজশাহী

ও

সদস্য সচিব

মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি

☎ ০৭২৩৩-৫৬০১১৬

মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোসাঃ রিজিয়া আজিজ সরকার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘা, রাজশাহী
সভার তারিখ : ১২ মে ২০২২ খ্রিঃ
সভার সময় : বিকাল ৩.০০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ


সভায় উপস্থিত সদস্যগণের নামীয় তালিকাঃ-

ক্রঃ নং	নাম ও পদবী	কমিটির পদবী	স্বাক্ষর
০১	জনাব মোসাঃ রিজিয়া আজিজ সরকার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘা, রাজশাহী	সভাপতি	স্বাক্ষরিত/-
০২	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘা, রাজশাহী	সদস্য	স্বাক্ষরিত/-
০৩	চেয়ারম্যান, মনিগ্রাম ইউনিয়ন পরিষদ, বাঘা, রাজশাহী	সদস্য	স্বাক্ষরিত/-
০৪	চেয়ারম্যান, আড়ানী ইউনিয়ন পরিষদ, বাঘা, রাজশাহী	সদস্য	স্বাক্ষরিত/-
০৫	জনাব, মোসাঃ সাহারা বেগম, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘা, রাজশাহী	সদস্য	অনুপস্থিত/-
০৬	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘা, রাজশাহী	সদস্য সচিব	স্বাক্ষরিত/-

সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে আদ্যকার সভার কার্যক্রম আরম্ভ করা হয়। অতঃপর গত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। ইহাতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর আজকের সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত সমূহ হয়:-

ক্রঃ নং	বিভাগের নাম	আলোচ্য বিষয়াদী	সভায় সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় বাঘা, রাজশাহী	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বাঘা-রাজশাহী অদ্যকার মাসিক সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। বর্তমানে ভিজিডি বিতরন কার্যক্রম চালু আছে। ডিজিএফ কার্যক্রম তদারকির জন্য সকলকে অনুরোধ জানান। এ ধারা অব্যহত রাখতে সকলের সার্বিক সহযোগিতা সেই সাথে সংশ্লিষ্ট চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ জানান।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বাঘা, রাজশাহী

অদ্যকার সভায় আর বিশেষ কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে তাঁদের প্রতি অর্পিত সকল সরকারী দায়িত্ববলি সততা ও নিষ্ঠার সহিত পালনে যত্নবান হবার আহ্বান জানিয়ে ও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।


(মোসাঃ রিজিয়া আজিজ সরকার)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাঘা, রাজশাহী

ও
সভাপতি
মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি